মেহেরপুর পৌরসভার ৯ ও ২ নং ওয়ার্ডের সড়ক নির্মাণ কাজের উদ্বোধন

মেহেরপুর পৌরসভা ৯ নম্বর ওয়ার্ড ও ২ নম্বর ওয়ার্ডে ড্রেন ও কংক্রিট রাস্তার উদ্বোধন করা হয়। আজ রবিবার বিকেলে উদ্বোধনের সময় মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন বলেন মেহেরপুর পৌরসভাকে যারা বিগত দিনে এই উন্নয়নকে বাধা গ্রস্ত করেছে মেহেরপুর পৌরবাসীকে পিছিয়ে রেখেছে আজকে সেই সমস্ত কালো ছায়া থেকে ইনশাল্লাহ আমরা আলোর পথে পা রেখেছি।

তিনি আরো বলেন আগামী দুই বছরের ভেতর মেহেরপুর পৌরবাসীর কোন রাস্তা কোন ড্রেন চাওয়া পাওয়া থাকবে না ইনশাআল্লাহ সব কমপ্লিট হবে।

মেহেরপুর পৌরসভার সহকারি প্রকৌশলী (সিভিল) আবুহেনা মোস্তফা কামাল বলেন মেহেরপুর পৌরসভা ৯ নম্বর ওয়ার্ড আলিয়া মাদ্রাসা পাড়ায় ড্রেন সহ কংক্রিট রাস্তার দৈর্ঘ্য ২০৫ মিটার ও মেহেরপুর পৌরসভার ২ নম্বর ওয়ার্ড থানা রোডে ড্রেন ও কংক্রিট রাস্তার দৈর্ঘ্য ৮২ মিটার এর উদ্বোধন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভা ২ নম্বর ওয়ার্ড কাউন্সিলর ও সদর থানা যুবলীগের সাধারণ সম্পাদক আল মামুন, মেহেরপুর পৌরসভা ৯ নম্বর ওয়ার্ড কাউন্সিলর সোহেল রানা ডলার, ৭ ও ৮ এবং ৯ নাম্বার সংরক্ষিত আসনের কাউন্সিলর রোকসানা কামাল, ১ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি নুরুল ইসলাম, মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রেজাউর রহমান নান্নু, ৯ নম্বর ওয়ার্ড বাসিন্দা এডভোকেট আব্দুল জব্বার সহ বিভিন্ন নেতা কর্মীর উপস্থিত ছিলেন।

মেহেরপুর শহরের নতুন পাড়ার ড্রেন ও রাস্তা সংস্কার কাজের উদ্বোধন

মেহেরপুর পৌরসভার ১ নম্বর ওয়ার্ডের নতুন পাড়ায় প্রায় ২ কোটি টাকা ব্যয়ে ড্রেন ও রাস্তা সংস্কার কাজের উদ্বোধন করা হয়েছে।

শুক্রবার দুপুরে পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন এ কাজের উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন, ১ নম্বর ওয়ার্ড কাউন্সিলর মীর জাহাঙ্গীর, ২ নম্বর ওয়ার্ড কাউন্সিলর আব্দুল্লাহ আল মামুন, ১.২.৩ নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা কাউন্সিলর দিল আফরোজ জোসনা, নতুন পাড়া জামে মসজিদের সভাপতি তানসেন, পেশ ইমাম আনিসুর রহমান সহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

এ সময় পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন বলেন, ১ নম্বর ওয়ার্ড আমার ওয়ার্ড। এই ওয়ার্ড এর সন্তান আমি । এই ওয়ার্ডের যতগুলো কাজ অসম্পূর্ণ আছে সব কাজগুলোই ঈদের পর থেকে শুরু করবো। এছাড়া পৌরসভা অন্যান্য এলাকায় যে কাজগুলো বাকি রয়েছে সব কাজ দ্রুত করা হবে।

মেহেরপুর শহরের ফুলবাগান পাড়ায় ড্রেন ও রাস্তার কাজের উদ্বোধন

মেহেরপুর পৌরসভার ৪ নম্বর ওয়ার্ড ফুলবাগান পাড়ায় ড্রেন ও রাস্তার কাজের উদ্বোধন করেন মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন।

আজ রবিবার দুপুর ১২ টার দিকে পৌর মেয়র এ কাজের উদ্বোধন করেন।

এ সময় পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন বলেন, পৌরসভার আনাচে-কানাচে অনেক রাস্তার কাজ অসমাপ্ত রয়েছে, আস্তে আস্তে সবগুলো কাজ করা হবে। তিনি বলেন, আপনারা যেভাবে নির্বাচনের সময় আমাকে ভালোবেসে আমার পাশে ছিলেন আমিও ঠিক তেমনি আমার সর্বত্র দিয়ে সব সময় আপনাদের পাশে থাকবো।

এ সময় ৪ নম্বর ওয়ার্ড কাউন্সিলর আব্দুর রহিম, সংরক্ষিত ওয়ার্ডের মহিলা কাউন্সিলর শারমিনা পারভীন শামীমা, ঠিকাদার আসলাম খান পিন্টুসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

মেহেরপুর পৌরসভার ৯ নং ওয়ার্ডের পানির লাইন স্থাপন কাজের উদ্বোধন

মেহেরপুর পৌরসভার ৯ নং ওয়ার্ডের পানির লাইন স্থাপন কাজ এর উদ্বোধন করেন পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন।

বৃহস্পতিবার দুপুরে ৯ নম্বর ওয়ার্ড কাস্টম অফিসের সামনে এ পানির লাইন স্থাপনের কাজের উদ্বোধন করা হয়

এ সময় জেলা আওয়ামী যুবলীগের আহ্বায়ক ও পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন বলেন, ৯ নম্বর ওয়ার্ডবাসীর অনেকদিনের প্রতীক্ষিত দাবি ছিলো ২ ইঞ্চি থেকে ৪ ইঞ্চি পানির লাইন স্থাপনের। সামনের সপ্তাহেতেই পাবলিক লাইব্রেরি মোড় থেকে লালটুর মোড় পর্যন্ত রাস্তার কাজ শুরু হবে। তিনি আরো বলেন পৌরসভার ভেতরের যে কাজগুলো পড়ে আছে সে কাজগুলো অতি শীঘ্রই সম্পূর্ণ করা হবে।

এ সময় উপস্থিত ছিলেন পৌরসভার কার্য সহকারি মনিরুল ইসলাম, পানি সুপার হাবিবুর রহমান, চন্দন ও ৯ নম্বর ওয়ার্ড এলাকাবাসী।

[redacted]

[redacted]

জেলাতে এরকম জিনিস আছে যেটা মেহেরপুর পৌর বাসী পেতে চলেছে। এ সময় দোয়া ও মোনাজাত পরিচালনা করা হয়।

মেহেরপুর পৌরসভার যারা প্যানেল মেয়র মনোনীত হলেন

দ্বিতীয়বারের মত মেহেরপুর পৌরসভায় প্যানেল মেয়র মনোনীত হলেন ৬ নম্বর ওয়ার্ড কাউন্সিলর শাহিনুর রহমান রিটন।

রবিবার দিবাগত রাতে পৌরসভা কার্যালয়ে কাউন্সিলরদের মধ্যে আলোচনা সভা শেষে শাহিনুর রহমান রিটনকে ১ নম্বর প্যানেল মেয়র মনোনীত করেন কাউন্সিলরবৃন্দ।

এছাড়া পৌরসভার ৭ নম্বর ওয়ার্ড কাউন্সিলর নুরুল আশরাফ রাজীবকে ২ নম্বর প্যানেল মেয়র ও নারী কোটায় (৭,৮,৯) নং ওয়ার্ডের সংরক্ষিত নারী কাউন্সিলর রোকসানা কামালকে ৩ নম্বর প্যানেল মেয়র মনোনীত করেন। কাউন্সিলরদের মতামতের ভিত্তিত্বে মেয়র মাহফুজুর রহমান রিটন এ ঘোষণা দেন।

এর আগে মেয়র মাহফুজুর রহমান রিটনের সভাপতিত্বে আলোচনা সভা শুরু হয়। প্যানেল মেয়র নির্বাচনে পৌরসভার সকল কাউন্সিলরবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুর পৌরসভার নবনির্বাচিত পরিষদের দায়িত্ব গ্রহণ ও

সংবর্ধনা

মেহেরপুর পৌরসভা নবনির্বাচিত পরিষদের দায়িত্ব গ্রহণ ও মেয়র, সংরক্ষিত নারী কাউন্সিলর এবং সাধারণ কাউন্সিলরদের সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

রবিবার সকালে মেহেরপুর পৌরসভা মিলনায়তনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর পৌরসভার নির্বাহী প্রকৌশলী মুজিবুর রহমান সহকারী প্রকৌশলী আবু হেনা মোস্তফা কামাল, হিসাব রক্ষক আবুল কালাম আজাদ ফুলদিয়ে বরণ করে নেন মেহেরপুর পৌরসভার নির্বাচিত মেয়র মাহফুজুর রহমান রিটনকে।

পরে পর্যায়ক্রমে বরণ করে নেন ১ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর জাহাঙ্গীর আলম, ২ নাম্বার ওয়ার্ড কাউন্সিলর আল মামুন, ৩ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর সৈয়দ আবু আব্দুল্লাহ, ৪ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর আব্দুর রহিম, ৫ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর মোস্তাক আহমেদ, ৬ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর শাহিনুর রহমান রিটন, ৭ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর নুরুল আশরাফ রাজিব, ৮ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর সৈয়দ মঞ্জুরুল কবির রিপন, ৯ নাম্বার ওয়ার্ডের কাউন্সিলর সোহেল রানা ডলার, সংরক্ষিত নারী কাউন্সিলর দিল আফরোজ, শারমিনা পারভিন, রোকসানা কামাল রুনুকে।

পরে পৌর মেয়র মাহফুজুর রহমান রিটনের সভাপতিত্বে সংবর্ধনা অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পরিষদের প্রশাসক মোঃ গোলাম রসুল, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহসভাপতি ও উপজেলা চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম, পৌর আওয়ামী লীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল, মেয়র পত্মী আরিফা রহমান, জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান ।

দ্বিতীয়বারের মত মেয়র নির্বাচিত হলেন মাহফুজুর রহমান রিটন

মেহেরপুর পৌরসভা নির্বাচনে দ্বিতীয় বারের মত বেসরকারীভাবে মেয়র নির্বাচিত হলেন আওয়ামীলীগ মনোনী প্রার্থী মাহফিজুর রহমান রিটন।

ভোট গণনা শেষে মেহেরপুর পৌরসভা নির্বাচনের সহকারী রিটার্নিং অফিসার মেহেদী হাসান এ ফলাফল ঘোষণা করেন।

মেহেরপুর পৌর সভায় মোট ভোটার ৩৫ হাজার ২০২ জন। পৌরসভার ২০ টি ভোট কেন্দ্রে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়।
পৌরসভায় সাধারণ সদস্য পদে ৪৩ ও সংরক্ষিত নারী সদস্য পদে ১৫ জন প্রার্থী প্রতিদ্ব›দ্বীতা করেন।
বিস্তারিত আসছে—-

মেহেরপুরের পৌরসভাসহ ৪ টি ইউনিয়নের ভোট সমাপ্ত

ছোট খাটো দু একটি ঘটনার ছাড়া উচ্ছাস উদ্দীপনা ও উৎসব মুখর পরিবেশে অবাধ, নিরপেক্ষভাবে মেহেরপুর পৌরসভাসহ ৪ টি ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন শান্তিপূর্ণভাবে সমাপ্ত হয়েছে। এখন চলছে ভোট গণনা।

নবগঠিত বারাদী ইউনিয়নের কলাইডাঙ্গা ইউনিয়নের মোমিনুল ইসলামের নৌকা প্রতীকের) পক্ষে জাল ভোট দিতে এসে আটক হন তার বোন গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের ৪,৫,৬ নং ওয়ার্ডের সংরক্ষিত নারী সদস্য সুফিয়া খাতুন। এছাড়া আমঝুপি ইউনিয়নের ১ নং ওয়ার্ড খোকসা সরকারী প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রের মধ্যে দীর্ঘক্ষণ অবস্থান করে ভোটারদের মধ্যে প্রভাব বিস্তার করার অভিযোগে দুই

সাধারণ সদস্য (মেম্বর) প্রার্থীকে আটক করেছেন জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট।

তারা হলেন আমঝুপি ইউনিয়নের ১ নং ওয়ার্ডের জমিরুল শেখ (আপেল) এবং আলী কদর (মোরগ) প্রতীক। এছাড়া বারাদী ইউনিয়নের পাটকেল পোতা সরকারী প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে নৌকার পক্ষে একই বুথে দুজন এজেন্ট থাকায় তাদের বের করে দেয়া হয়।
জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান এবং পুলিশ সুপার মোঃ রাফিউল আলম মেহেরপুর পৌরসভার বিভিন্ন ভোট কেন্দ্র পরিদর্শন করেছেন।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান এবং পুলিশ সুপার রাফিউল আলম মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যায় কেন্দ্র সহ কয়েকটি কেন্দ্র পরিদর্শন করে ভোটের সার্বিক পরিস্থিতি নিয়ে সাংবাদিকদের ব্রিফ করেন। তারা ভোট কেন্দ্রের সার্বিক পরিস্থিতি নিয়ে সন্তোষ প্রকাশ করেন। জেলা প্রশাসক ও পুলিশ সুপার শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখায় প্রার্থীদের ধন্যবাদ জানান ।

মেহেরপুর পৌরসভাসহ ৪ টি ইউনিয়নের সাধারণ নির্বাচন ৬৩ টি ভোট কেন্দ্রে এক যোগে শুরু হয়।

মেহেরপুর পৌরসভাসহ ৪ টি ইউনিয়নের মোট ভোটার ১ লাখ ২৪ হাজার ৯৮৮ জন। মেহেরপুর পৌরসভায় ২ জন মেয়রসহ ৪ টি ইউনিয়নে ২০ জন চেয়ারম্যান, ২১৩ জন সাধারণ কাউন্সিলর ও সাধারণ সদস্য, ৬৬ জন সংরক্ষিত নারী কাউন্সিলর ও সাধারণ সদস্য পদে নির্বাচনী প্রতিদ্বন্দ্বীতা করছেন।

সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে পুলিশী তল্লাশী অভিযান

নির্বাচনে সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে মেহেরপুর সদর উপজেলার বিভিন্ন স্থানে ও মেহেরপুর শহরে শুরু হয়েছে পুলিশী তল্লাশী।

আজ রবিবার (৫ জুন) দুপুরে মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খানের নেতৃত্বে পুলিশের বিরাট টীম সদর উপজেলার বারাদী বাজার, আমঝুপি বাজার, শহরের কলেজ মোড়, চুলকানির মোড়, ওয়াপদার মোড়সহ বিভিন্ন স্থানে এ তল্লাশী অভিযান চালান পুলিশ।

এসময় সদর থানার তদন্ত অফিসার (ওসি তদন্ত) জুলফিকার আলী, পুলিশের টিএসআই ফেরদৌস হাসানসহ বিভিন্ন পর্যায়ের অফিসারবৃন্দ অংশ নেন। তল্লাশী অভিযান চালানোর সময় বৈধ কাগজপত্র না থাকায় ৫ টি মোটরাসাইকেলের নামে মামলা দেয়া হয়েছে। ট্রাফিক পুলিশের সার্জেন্ট টিএসআই হাসান ফেরদৌস বাদী হয়ে মামলা করেন।

সদর থানার ওসি শাহ দারা খান বলেন, নির্বাচনকে ঘিরে র্নিবাচনী এলাকার আইনশৃংখলা পরিস্থিতি ভাল ও সার্বিক পরিবেশ শান্ত রাখতে মেহেরপুর সদর থানা পুলিশ তল্লাশী অভিযান শুরু করেছে। নির্বাচনী এলাকার সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে অপরচিতি লোক,মটরসাইকেল, বড় গাড়ি, প্রাইভেট কারসহ সকল ধরনের যানবাহন তল্লাশী করা হয়েছে।

১৫ জুন মেহেরপুর পৌরসভা, আমঝুপি, বারাদী, শ্যামপুর ও পিরোজপুর ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হবে।